নতুন সনের প্রত্যাশা – এম.আবু বকর সিদ্দিক

প্রভু তোমার বিধান মেনে
রবি শশী ঘোরে,
তাইতো আবার নববর্ষ
এলো আমার দোরে।

আমার যত ভুলত্রুটি
ক্ষমা করো প্রভু,
নতুন সনে মন্দ পথে
নিও নাকো কভু।

ভুবন থেকে সব মুসিবত নাওগো তুমি তুলে,
তোমার আদেশ নিষেধ কভু
যাই না যেন ভুলে।

এমন জীবন দাও আমাকে
মরণে চাই হাসি,
আমার বিদায় কালে যেন
কাঁদে ভুবনবাসী।

অপূর্ণতায় তুমি – তানিয়া জামান

তুমি দিনের শেষে তারার দেশে একটু খুঁজো আমায়,
হঠাৎ আঁধার কালো রাতের শেষে একটু চেয়েও না’হয়।

আমি ক্লান্ত চোখে দেখবো তখন কেম্নে আধাঁর নামে,
কি করে সব কোলাহল হঠাৎ করেই থামে।

আমার চোখে ভীষণ জ্বালা ঝলক দিয়ে ওঠে,
চোখের জল আজ আগুন হয়ে হঠাৎ করেই ছোটে।

তুমি আর পাবেনা আমার নাগল তাই শুধুই চেয়ে থেকো আমি অঝোর ধারায় ঝরবো যখন, একটু গায়ে মেখো।

আমি ভীষণ রকম সাহস নিয়ে হাসনাহেনা ফুলে
রাত্রি জুড়ে রইবো চেয়ে, তুমি এইতো বুঝি এলে।

আমি তোমায় ছাড়া একলা একা শূন্যতার ক্ষণে
চেনা পথেই পথ হারাবো ভীষণ অভিমানে।

আমি পরিপূর্ণ নাইবা হলাম তবুও পাশে রেখো
যতই আমায় দূরে সরাও তবুও চেয়ে দেখো।

নাহবা তুমি আসলে কাছে, শুধু একটু খোঁজ নিও
আমার অপূর্ণ এই জীবন জুড়ে তুমি ভীষণ রকম প্রিয়।

ভালোবাসার পাত্র – নবী হোসেন নবীন

যে হৃদয় কখনও দেখেনি আকাশের আঙিনা
তার কাছে ভালোবাসা চেয়ো না।

তাকে ভালোবাসা ভিক্ষা দাও
সে একটু উদার হোক।

যে মন কখনও পায়নি পাহাড়ের পরশ
তার কাছে ভালোবাসা খুঁজো না।

তাকে ভালোবাসা করুণা করো
সে একটু মৌন হোক।

যে হৃদয় কখনও সাগরের সানিধ্যে আসেনি তার ভালোবাসা নিয়ো না।

তাকে ভালোবাসা দান করো
সে একটু বিশাল হোক।

যে হৃদয় কখনও বৃষ্টতে ভিজেনি
তার ভালোবাসা হতে দূরে থেকো।

তাকে ভালোবাসা সম্প্রদান করো
সে একটু কোমল হোক।

বিশাল-উদার,মহৎ-কোমল হৃদয়ের কাছে
ভালোবাসা করো লেনদেন।

বই পড়ি -হাফিজুর রহমান

ঐ আমাদের পাঠশালা
শুনছো না হইচই?
আজ বছরের প্রথম দিন
দিচ্ছে নতুন বই।

ঐ দেখ ঐ আসছে বীণা
রিনা রুনুর মাঝে,
পড়েছে ওরা নতুন জামা
এসেছে খুব সেজে।

সকলে আজ হাসি-খুশি
বইয়ের গন্ধে ফেরা,
পড়তে-শিখতে পড়ি বই
বইয়ে আমার সেরা।

রঙের মেলা – বারী সুমন

প্রজাপতির রঙিণ পাখায়
রঙের ছড়াছড়ি

উদাস বালক আকাশেতে
উড়ায় হরেক ঘুড়ি।

লাল, নীল আর সবুজ দেখো করছে সদায় খেলা
চারপাশে আজ বসছে যেন
নানান রঙের মেলা।

ছেলের দল রং মেখে
করছে মাতামাতি
রঙিণ দেশে রঙিণ ছোঁয়া
চলে দিবা রাতি।

শরৎ রূপের রঙ্গমঞ্চ – সৈয়দুল ইসলাম

সবার প্রিয় শরৎ ঋতু
বর্ষা পরেই আসে,
ভোরের শরৎ পদ্মফুলে
মিটমিটিয়ে হাসে।

ঘাসের ডগায় শিশির কণার বিন্দু বিন্দু জল,
সূর্যালোকে হিরকের ন্যায় করে যে জ্বলমল।

নীল পরীরা ঘুরে বেড়ায় সাদা মেঘের ভেলায়,
নদী তীরের কাশফুলেরা মেতে ওঠে খেলায়।

কেয়া কেতকীর ফুলের শোভা জাগায় শিহরণ,

শেফালীরো মৌ মৌ গন্ধ
মুগ্ধ করে মন।

শরৎ রূপের রঙ্গমঞ্চের
নেইতো কোনো জুড়ি,
সবুজ শ্যামল প্রকৃতি তাই
প্রাণটা খুলে ঘুরি

কৃষকের ক্ষোভ -হাফিজুর রহমান

‘হাজীসাব খারাপ নয়
মন্দ গায়ের লোক,’
ক্ষোভে বলে মদন মোহন
লাল করে চোখ।

কৃষকের কষ্টে কান্দেন
দূর করতে অভাব,
খান না ওনি সুদের টাকা
আদায় করেন লাভ!

ধান নিতে দিয়েছিলেন
অর্ধেক দামে টাকা;
ধারে দেন, আবাদের খরচ
গোলা করেন ফাঁকা।

কাশফুলের উঠোন -পারভীন আকতার

নীলাভ ডুবন্ত সাগরে সাঁতরে দেখেছি
জলের ধারায় মিশেল হচ্ছে হেমের দিবারাত্রি।
ফুটন্ত কলির মতো ঢেউ ফেনিল ডুবছে উঠছে

নির্ঘুম রাতে অবিরাম শ্রাবণ ধারায়।

শ্রাবণের কাশবনে ঝিরিঝিরি বৃষ্টিতে ভেজা পায়ে নূপুরের শব্দ!
অস্থির আবেশে ঘিরে রেখেছে চারদিক।
প্রেমময় উদ্ভাসী হৃদয় ছুঁয়ে যায়
যেন কাশফুল আবেশের নরম ছোঁয়ায়।

সাদা পালকের হাতছানি
দূরে মেঘের সারি সারি অভ্যর্থনা!
ডাকছে কাশবন,বৃষ্টিস্নাত অবগুণ্ঠন খুলে।
এসো প্রিয় শ্রাবণ ধবল সবলে মিশে একাকার হই।
এসো তবে কাশফুলের উঠোনে লুটোপুটি খেলি।

প্রিয় দুখু মিয়া – মোঃ আব্দুর রহমান

পাখির দেশের খোকাখুকির
ফুলের মতো মন,
পড়ছে ছড়া দুখু মিয়ার
দুলছে কাশের বন।

মাছ রাঙাটা কাটছে সাঁতার গাইছে দুখুর গান,
তানপুরাটার মধুর তালে দিচ্ছে খুকি টান।

বিদ্রোহী বীর সেই কবিতা দেয়গো বুকে বল,
সাহস নিয়ে সবাই পড়ে
চলরে চলরে চল।

# [illegible] [illegible] [illegible] - [illegible] [illegible]

[illegible] [illegible] [illegible] [illegible] [illegible],
[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]

[illegible] [illegible] [illegible] [illegible],
[illegible] [illegible] [illegible] [illegible]

[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible],
[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]

[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible],
[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]

[illegible] [illegible] [illegible] [illegible],
[illegible] [illegible] [illegible] [illegible]

[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]
[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]

[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible],
[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]

[illegible] [illegible] [illegible] [illegible],
[illegible] [illegible] [illegible] [illegible]

[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible],
[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]